



সশস্ত্র বাহিনী দিবস ২০২০ উপলক্ষে বিমান বাহিনী প্রধানের বাণী

একুশে নভেম্বর বাংলাদেশ সশস্ত্র বাহিনীর প্রতিটি সদস্যের জন্যে একটি তাৎপর্যময় দিন। সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আহ্বানে সাড়া দিয়ে দেশের আপামর জনতার সাথে একাত্ম হয়ে সেনা, নৌ ও বিমান বাহিনীর অকুতোভয় সদস্যগণ পাকিস্তানি দখলদার বাহিনীর কাছ থেকে মুক্তি অর্জনের লক্ষ্যে মুক্তিযুদ্ধের এই দিনে সূচনা করেছিল সমন্বিত ও সুপরিকল্পিত আক্রমণ। সম্মিলিত প্রয়াসে ত্বরান্বিত হয়েছিল আমাদের কাঙ্ক্ষিত বিজয় এবং বিশ্ব মানচিত্রে আত্মপ্রকাশ করে স্বাধীন সার্বভৌম বাংলাদেশ। সশস্ত্র বাহিনী দিবস-২০২০ উপলক্ষ্যে আমি বিমান বাহিনীর সকল সদস্যকে জানাই আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন।

মুজিববর্ষে উদ্‌যাপিত এই সশস্ত্র বাহিনী দিবসে আমি গভীর শ্রদ্ধাভরে স্মরণ করছি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে যাঁর দূরদৃষ্টি আর দিকনির্দেশনায় অর্জিত হয়েছে আমাদের মহান স্বাধীনতা। আমি সশস্ত্র বাহিনীর সকল শহীদের বিদেহী আত্মার মাগফেরাত কামনাসহ তাঁদের শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানাচ্ছি এবং যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা ও তাঁদের পরিবারের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করছি।

মহান মুক্তিযুদ্ধের মধ্যে গড়ে ওঠা বাংলাদেশ বিমান বাহিনীকে আধুনিক এবং কার্যকর বিমান বাহিনী হিসেবে গড়ে তোলার লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা অসংখ্য যুগোপযোগী পদক্ষেপ গ্রহণ করেছেন। আজ বিমান বাহিনী একটি সুদক্ষ, সুশৃঙ্খল ও পেশাদার বাহিনীরূপে আত্মপ্রকাশ করেছে এবং বিমান বাহিনীর সদস্যগণ দেশের আকাশসীমার নিরাপত্তা নিশ্চিত করতে সার্বক্ষণিক নিয়োজিত রয়েছেন। পাশাপাশি দেশের বিভিন্ন দুর্যোগ মোকাবেলা এবং আর্তমানবতার সেবায় বিমান বাহিনীর সদস্যগণ প্রশংসনীয় ভূমিকা পালন করে যাচ্ছেন। করোনাভাইরাস (কোভিড-১৯) প্রতিরোধকল্পে বাংলাদেশ বিমান বাহিনী সরকার কর্তৃক ঘোষিত নীতিমালা অনুসরণ করে রোগী পরিবহন, দেশ-বিদেশে চিকিৎসাসহায়ক সামগ্রী পরিবহন, বিমান বাহিনী স্থাপনা ও পার্শ্ববর্তী এলাকায় জীবাণুনাশক ছিটানো, সচেতনতা সৃষ্টি এবং অসহায় মানুষের মাঝে খাদ্যসামগ্রী বিতরণসহ নানারকম কর্মকাণ্ড অব্যাহত রেখেছে। দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষার সাংবিধানিক ও পেশাগত দায়িত্ব পালনের পাশাপাশি বাংলাদেশ বিমান বাহিনী বিভিন্ন জাতীয় দুর্যোগ ও বিপর্যয় মোকাবেলায় বলিষ্ঠ ভূমিকা পালন করে ইতোমধ্যেই জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে ভূয়সী প্রশংসা অর্জন করেছে। বিশ্বশান্তি প্রতিষ্ঠায় জাতিসংঘের শান্তিরক্ষা কার্যক্রমে বাংলাদেশ বিমান বাহিনীর সদস্যগণের পেশাগত দক্ষতা, অসীম সাহসিকতা ও কর্তব্যনিষ্ঠা আন্তর্জাতিক পরিমণ্ডলে বাংলাদেশের জন্য প্রভূত সম্মান বয়ে এনেছে। মহান মুক্তিযুদ্ধের আদর্শে অনুপ্রাণিত বাংলাদেশ বিমান বাহিনীর সদস্যরা তাদের এই অর্জনকে অস্মান রেখে সামনের দিকে এগিয়ে যাবে বলে আমার দৃঢ় বিশ্বাস।

মুক্তিযুদ্ধ ও দেশপ্রেমের চেতনা আমাদের হৃদয়ে চির জাগরুক থাকুক। আসুন সশস্ত্র বাহিনী দিবসে আমরা সবাই মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ হয়ে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার দিকনির্দেশনায় জাতির পিতার কাঙ্ক্ষিত সোনার বাংলা গড়ার প্রত্যয়ে সংকল্পবদ্ধ হই। সশস্ত্র বাহিনী দিবস-২০২০ উপলক্ষে আমি বিমান বাহিনীর উত্তরোত্তর সমৃদ্ধি এবং সকল সদস্য ও তাদের পরিবারবর্গের অব্যাহত সুখ, শান্তি ও সাফল্য কামনা করছি। মহান আল্লাহ আমাদের সহায় হোন। আল্লাহ হাফেজ।

মাসিহুজ্জামান সেরনিয়াবাত, বিবিপি, ওএসপি, এনডিইউ, পিএসসি
এয়ার চীফ মার্শাল
বিমান বাহিনী প্রধান
বাংলাদেশ বিমান বাহিনী